196

দৈনিক জনকণ্ঠ

তারিখ 21 AUG 1997
পৃষ্ঠা ১৫ কলাম ৩

রাজশাহী শিক্ষা বোর্ড

# এসএসসি'র খাতা পুনর্পরীক্ষার জন্য হাজার হাজার আবেদন ॥ ফায়দা লুটছে একশ্রেণীর কর্মচারী

**স্টাফ রিপোর্টার, রাজশাহী** ॥ রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় শত শত মেধাবী ছাত্রছাত্রী ফল বিপর্যয়ের শিকার হয়েছে। এই ছাত্রছাত্রীরা সকল বিষয়ে ভাল নম্বর পেয়ে একটি বিষয়ে নামমাত্র নম্বর পেয়েছে। ফলে বহু মেধাবী ছাত্রছাত্রীর শিক্ষাজীবনে হতাশা অনিবার্য হয়ে পড়েছে। নম্বর প্রাপ্তির ক্ষেত্রে ঘটেছে অবিশ্বাস্য ঘটনা। ফলে বোর্ডের পরীক্ষকদের খাতা দেখার পদ্ধতি সম্পর্কে পরীক্ষার্থী, অভিভাবক ও ভুক্তভোগীদের মনে অবিশ্বাস জন্মেছে। এই প্রতিবেদক শিক্ষা বোর্ডের চিঠিপত্র গ্রহণ শাখায় গিয়ে দেখতে পান, প্রাপ্ত নম্বরের ওপর বিশ্বাস হারিয়ে শত শত ছাত্রছাত্রী খাতা পুনর্নিরীক্ষণের জন্য আবেদন করেছে। এর জন্য আবেদন ফী জমা দিতে হয়েছে ৭৫ টাকা করে। গত এক সপ্তাহে প্রায় ৪ হাজার আবেদনপত্র জমা পড়েছে বলে একজন কর্মচারী জানায়। আরও এক সপ্তাহ এই আবেদন জমা নেয়া হবে বলে সূত্র জানায়।

পাস নম্বর করে দেয়ার নাম করে একশ্রেণীর দালালরা ৩ হাজার থেকে ৫ হাজার টাকা নিচ্ছে বলে জানা গেছে। একটি নির্ভরযোগ্য সূত্র জানায়, এই ধরনের পরীক্ষার্থীদের কাছ থেকে একটি সংঘবদ্ধ প্রতারণাকারী দল নকল মার্কশীট বিক্রি করছে। সহজ সরল পরীক্ষার্থীরা প্রতারণাকারীদের কবলে পড়ে ঠকছে। সূত্রটি আরও জানায়, বোর্ডের মার্কশীটের সাথে একটাই তফাত —তাহলো নম্বর ও নাম ইংরেজী টাইপে বসানো, আর বোর্ডের মূল মার্কশীট কম্পিউটারে প্রিন্ট করা। বোর্ডের একটি সূত্র স্বীকার করে যে, এ ধরনের নকল মার্কশীট গত বছর বেশ কিছু ধরা পড়েছে। এমনকি গ্রামীণ কিছু কলেজে এমন মার্কশীটে ছাত্রছাত্রী ভর্তির ঘটনাও ঘটেছে।